অকার্য্য

বঙ্গীয় শব্দকোষ

বিং [ন.ত; স্ত্রী -র্য্যা]

১ যাহা করণীয় নহে; অকর্ত্তব্য, অননুষ্ঠেয়।

"কিমকার্য্যং কদর্য্যাণাম্ (ভাগবত)।

২ কর্ত্তব্যভিন্ন।

-র্য্য ক্লী

১ অপ্রশস্ত কার্য্য; শাস্ত্রবিরোধী কর্ম্ম; অবৈধকার্য্য, অকৃত্য।

"তস্মাচ্ছাস্ত্রং প্রমাণং তে কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ গী ১৬.২৪। মনু ১০.৯৮। অকার্য্যকরণ চৈ.চ ৯৭। শাস্ত্রকারেরা গর্হিত অকার্য্যদ্বারা সুহৃদদের প্রাণরক্ষা কর্ত্তব্য বলিয়া থাকেন (কাদম্বরী)।

২ কুৎসিককার্য্য; দূষ্কৃত।

৩ পাপকর্ম্ম - ব্রহ্মহত্যাদি।

"মনু ১১.৯৭।

৪ (বাঙ্‌লায়) বিরক্তিকর কার্য্য; বৃথা কার্য্য।